

১/৫/২০০৩

দৈনিক সংবাদ

তারিখ
সংখ্যা

বরগুনায় যে কোন মূল্যে গণশিক্ষা কার্যক্রম সফল করার উদ্যোগ

বরগুনা থেকে নিজস্ব সংবাদদাতাঃঃ
বরগুনায় সরকারের গণশিক্ষা কার্যক্রম
যেকোন মূল্যে সফল করার লক্ষ্যে ব্যাপক
উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত ২৮শে
এপ্রিল সকালে জেলার সর্বস্তরের গণ্যমান্য
ব্যক্তি, রাজনৈতিক দলের প্রতিনিধি ও
তত্ত্বাবধায়কদের সভায় বঙ্গারা কঠোর
ইশিয়ারি উচ্চারণ করেন। যেকোন মূল্যে
কেন্দ্রে শিক্ষার্থী নিয়ে আসার ব্যাপারে
পুলিশি ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়ার
কথাও বলা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো.
আ. বারেকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ
সভায় জেলা প্রশাসক মো. আবুল কাসেম,
পুলিশ সুপার মো. বখতিয়ার আলম,
পৌরসভার চেয়ারম্যান অ্যাডভোকেট মো.
শাহজাহান, জেলা আওয়ামী লীগের সিনিয়র
সহ-সভাপতি মোসলেম আলী শরীফ,
প্রেসক্লাবের সভাপতি আ. আলীম হিমু,
মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার আনোয়ার
হোসেন মনোয়ার বক্তব্য রাখেন।